গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

# প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৫) অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
তারিখ : ২৯-০৭-২০২৫ খ্রি.
সময় : সকাল ১১.০০ – দুপুর ০২.০০ টা
স্থান : সভাকক্ষ (২য় তলা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট – ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা, অগ্রগতি ও পরবর্তী কার্যক্রমসমূহ উপস্থাপনের জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহবান জানান। উপস্থাপনা শেষে প্রকল্পের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের উপর সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী ত্রৈমাসিকের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ২। | ভয়েস মেসেজ প্রেরণে '১০৯০' শর্ট কোড ব্যবহার | প্রকল্পের অধীনে ইতোমধ্যে বন্যার আগাম সতর্কবার্তা প্রেরণের জন্য একটি ভয়েস মেসেজ পোর্টাল তৈরি করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের IVR সেবায় ব্যবহৃত '১০৯০' নম্বরটি দুর্যোগ সংক্রান্ত তথ্যসেবার জন্য একটি সুপরিচিত নম্বর হওয়ায় এ নম্বরটি ভয়েস মেসেজ প্রেরণেও ব্যবহার করা যেতে পারে। এতে মানুষের মধ্যে বিভ্রান্তি তৈরী হবে না। এ প্রেক্ষিতে, সংশ্লিষ্ট অপারেটরদের সঙ্গে সমন্বয়পূর্বক বিটিআরসিকে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ভয়েস মেসেজ প্রেরণের ক্ষেত্রে ১০৯০ কে শর্ট কোড হিসেবে ব্যবহার করার জন্য বিটিআরসি কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় তথ্যাদি/স্পেসিফিকেশন উল্লেখপূর্বক পত্র আগস্টের প্রথম সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে। | আইসিটি স্পেশালিষ্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৩। | ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন প্ল্যাটফর্ম ডেভেলপমেন্ট | বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি বিষয়ক তথ্য সংশ্লিষ্ট অংশীজনদের নিকট সহজে পৌঁছে দেয়ার উদ্দেশ্যে প্রকল্পের অধীনে একটি ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির কার্যক্রম চলমান। এই প্ল্যাটফর্মের একটি কাঠামো বা প্রোটোটাইপ তৈরি করে এর উপর মতামত ও পরামর্শ গ্রহণের জন্য একটি | ক) আগামী সেপ্টেম্বরের প্রথমার্ধের মধ্যে প্ল্যাটফর্মটির প্রোটোটাইপ প্রস্তুত করে সংশ্লিষ্ট সকল অংশীজনকে নিয়ে একটি মতবিনিময় সভা আয়োজন করতে হবে। | আইসিটি স্পেশালিষ্ট, প্রোগ্রাম ম্যানেজার ও টিম লিডার |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ডেমনস্ট্রেশন, প্রকল্প-সংশ্লিষ্ট সকল অংশীজনদের সামনে উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খ) প্ল্যাটফর্মটির কাঠামো এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে পর্যায়ক্রমে এতে সকল জেলার বিভিন্ন দুর্যোগ ও আবহাওয়া সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত করা যায়। | |
| ৪। | কিয়স্ক ড্যাশবোর্ডগুলো সক্রিয় রাখা | প্রকল্প এলাকার ১৯ টি উপজেলায় স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ড চালু করার সাথে সাথে কিয়স্ক অ্যাপ্লিকেশনটি যাতে স্বয়ংক্রিয়ভাবে সক্রিয় হয়, সেজন্য ১৭ টি উপজেলায় কিয়স্ক অ্যাপ্লিকেশনের হালনাগাদ ভার্সন পুনরায় ইনস্টল করা হয়েছে। অবশিষ্ট ২টি উপজেলায় (কুড়িগ্রামের রাজারহাট ও চর রাজিবপুর) কিয়স্ক সংক্রান্ত কারিগরি সমস্যার দ্রুত সমাধান করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) চর রাজিবপুর উপজেলায় প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করে কিয়স্ক সংক্রান্ত সমস্যার দ্রুত সমাধান করতে হবে।<br><br>খ) রাজারহাট উপজেলার কিয়স্ক ড্যাশবোর্ডটি নবনির্মিত উপজেলা কমপ্লেক্সে বৈদ্যুতিক সংযোগ নিশ্চিত হলে সেখানে প্রতিস্থাপন করতে হবে। | আইসিটি স্পেশালিষ্ট, ফিল্ড ফ্যাসিলিটেটর ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৫। | কিয়স্ক ড্যাশবোর্ড বিষয়ে এক্সিট প্ল্যান | প্রকল্প থেকে স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ডসমূহের প্রকল্প পরবর্তী সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণসহ বিভিন্ন কারিগরি সহায়তা নিশ্চিতের বিষয়ে সভায় আলোচনা হয়। এজন্য রাইমস-এর সাথে একটি চুক্তিপত্র তৈরী এবং একটি এক্সিট প্ল্যান প্রণয়নের বিষয়ে আলোচনা হয়। | ক) প্রকল্প-পরবর্তী পর্যায়ে কিয়স্ক ড্যাশবোর্ডগুলোর রক্ষণাবেক্ষণ ও কারিগরি সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে একটি এক্সিট প্ল্যান তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) এজন্য রাইমস-এর সাথে একটি আনুষ্ঠানিক চুক্তিপত্র প্রণয়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও রাইমস |
| ৬। | নব-স্থাপিত পানি সমতল গেজসমূহের বিপৎসীমা নির্ধারণ | গাইবান্ধার তারাপুর ও কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় স্থাপিত নতুন দুইটি পানি সমতল গেজ বন্যা পূর্বাভাস ও পর্যবেক্ষণ ব্যবস্থার অন্তর্গত রয়েছে এবং এগুলো থেকে তথ্য সংগৃহীত হচ্ছে। তবে এদু'টি গেজের বিপদসীমা এখনও নির্ধারিত হয়নি। বিপদসীমা নির্ধারণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের (যেমন- স্থানীয় পর্যায়ে জরিপ বা কনসালটেশন আয়োজন) বিষয়ে সভায় আলোচনা হয়। | নতুন ২টি পানি সমতল গেজের বিপদসীমা নির্ধারণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট |
| ৭। | প্রকল্প এলাকায় Vulnerability Assessment পরিচালনা | দুর্যোগের ঝুঁকি নির্ণয় ও প্রভাব-ভিত্তিক পূর্বাভাস (Impact-based-Forecasting) তৈরির জন্য Vulnerability Assessment পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রকল্পের মেয়াদ বর্ধিত হলে Vulnerability Assessment করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রকল্পের শুরুতেই একটি প্রারম্ভিক জরিপ (Baseline Survey) পরিচালিত হয়েছিল। প্রকল্পের বর্তমান মেয়াদে এরূপ আর কোনো জরিপ পরিচালনার সংস্থান নেই, তবে মেয়াদ বর্ধিত হলে Vulnerability Assessment করার বিষয়টি বিবেচনা করা হবে। | | |
| ৮। | ব্যক্তি পর্যায়ে এলাকা ভিত্তিক ভয়েস মেসেজ প্রেরণ | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য ও স্বেচ্ছাসেবকদের পাশাপাশি সরাসরি স্থানীয় জনগণের কাছে বন্যার আগাম সতর্কবার্তা ভয়েস মেসেজের মাধ্যমে পৌঁছে দেয়ার জন্য তাদের অবস্থান ভিত্তিক মোবাইল নম্বরের ডাইনামিক ডাটাবেজ সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বৃহত্তর মোবাইল অপারেটর হিসেবে গ্রামীণফোনের সাথে প্রাথমিক আলোচনার ভিত্তিতে প্রকল্প এলাকার লোকেশন স্পেসিফিক ফোন নম্বরের ডাটাবেজ সংগ্রহের বিষয়ে তাদের সাথে একটি সভা আয়োজন করতে হবে এবং এক্ষেত্রে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | আইসিটি স্পেশালিষ্ট, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৯। | ভয়েস মেসেজ প্রেরণের জন্য পরিকল্পনা প্রণয়ন | ভয়েস মেসেজ প্রেরণের জন্য একটি পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | ভয়েস মেসেজ প্রেরণের জন্য পরিকল্পনার অংশ হিসেবে একটি নির্দেশিকা বা SOP (Standard Operating Procedure) তৈরি করতে হবে। | টিম লিডার ও জিআইএস স্পেশালিষ্ট |
| ১০। | কমিউনিটি রেডিওর মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচার | বন্যার আগাম সতর্কবার্তা স্থানীয় জনগণের নিকট দ্রুত ও কার্যকরভাবে পৌঁছে দেয়ার ক্ষেত্রে কমিউনিটি রেডিও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ প্রেক্ষিতে গাইবান্ধা জেলার জনপ্রিয় কমিউনিটি রেডিও 'সারাবেলা'র সঙ্গে প্রাথমিকভাবে আলোচনা হয়। সভায় তাদের সঙ্গে এবিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়। | কমিউনিটি রেডিওর মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের জন্য তাদের সাথে সমঝোতা স্মারকের একটি খসড়া তৈরী ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও উপ-প্রকল্প সমন্বয়ক/রাইমস |
| ১১। | বিবিধ | প্রতিটি ত্রৈমাসিক সভায় হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপারের সশরীর উপস্থিতি নিশ্চিত করা ও প্রকল্পের নিবন্ধিত স্বেচ্ছাসেবকদের মধ্য থেকে ১-২ জন প্রতিনিধিকে অনলাইনে সংযুক্ত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতিটি ত্রৈমাসিক সভায় হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপারের সশরীর উপস্থিতি ও প্রকল্পের নিবন্ধিত স্বেচ্ছাসেবকদের মধ্য থেকে ১-২ জন প্রতিনিধিকে অনলাইনে সংযুক্ত রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। | কমিউনিকেশন অফিসার ও প্রোগ্রাম ম্যানেজার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(রেজওয়ানুর রহমান)**
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪.১১৫ তারিখ: ১১-০৮-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
০৪। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS/RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৫। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৬। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। পি এ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)